গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd

০৯ মাঘ ১৪২৬ ব:

নং-৩০.০০.০০০০.০১৪.১৬.০০৩.২০১৮ - ৭৫ তারিখ: ----------------------
২৩ জানুয়ারি ২০২০খ্রি:

বিষয়ঃ "ড্রোন (Drone) নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা-২০২০" এর উপর মতামত প্রদান।

সূত্রঃ এ মন্ত্রণালয়ের পত্র নং-৩০.০০.০০০০.০১৪.১৬.০০৩.২০১৮-৬১, তাং ২০.০১.২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত "ড্রোন (Drone) নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা-২০২০" এর বিষয়ে গত ১৪ জানুয়ারি ২০২০খ্রি: তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় সংযোজন/ বিয়োজন/ প্রতিস্থাপন করে সংশোধনপূর্বক খসড়া "ড্রোন (Drone) নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা-২০২০" প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, খসড়া "ড্রোন (Drone) নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা-২০২০" এর বিষয়ে আগামী ১৬ ফ্রেবুয়ারি ২০২০খ্রি: তারিখের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে পাতা।

২৩-১-২০২০

(রোকসিন্দা ফারহানা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৯৩
E-mail:dsca2@mocat.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সিনিয়র সচিব/ সচিব,
.......................................................................
.......................................................................
.......................................................................

২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, আর্মড ফোর্সেস ডিভিশন, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা।
৪। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান(স্পারসো), আগারগাঁও, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা মহাপরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৯। মহাপরিচালক, আকাশ প্রতিরক্ষা পরিদপ্তর, বিমান সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১০। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব হেড কোর্য়াটার, উত্তরা, ঢাকা।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৩। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, এ মন্ত্রণালয় (নীতিমালা দুটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।

F:\Local Disk(D)\Letter-2020.docx

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ------------------------ ২০১৯/ ------------------------- ১৪২৫

# ড্রোন (Drone) নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা-২০২০

সাম্প্রতিক সময়ে সমগ্র বিশ্বব্যপী কৃষি কাজ ও কৃষির উন্নয়নে, আবহাওয়ার তথ্যাদি সংগ্রহ ও পরিবেশের পরিস্থিতি পর্যবেক্ষণ, ফসলের পরিস্থিতি পর্যবেক্ষণ, মশার ঔষধ বা কীটনাশক স্প্রের কাজে, বিভিন্ন প্রকার সার্ভের জন্য চিত্র ধারণ, চলচ্চিত্র নির্মাণ, জরুরী সাহায্য প্রেরণ, গবেষণা কার্যক্রম, নিরাপত্তা পরিস্থিতি পর্যবেক্ষণ ইত্যাদি কাজে আনম্যান্ড এরিয়াল ভেহিক্যাল (UAV)/ আনম্যান্ড এয়ারক্র্যাফট সিস্টেম (UAS)/ রিমোটলি পাইলটেড এয়ারক্র্যাফট সিস্টেম (RPAS)/ ড্রোন (Drone) ব্যবহৃত হচ্ছে। প্রযুক্তির সহজলভ্যতার কারণে বাংলাদেশেও ব্যক্তিগত/ সরকারি/ বেসরকারি/ সামরিক/ বেসামরিক বিভিন্ন পর্যায়ে আনম্যান্ড এরিয়াল ভেহিক্যাল (UAV)/ আনম্যান্ড এয়ারক্র্যাফট সিস্টেম (UAS)/ রিমোটলি পাইলটেড এয়ারক্র্যাফট সিস্টেম (RPAS)/ ড্রোন (Drone) এর ব্যবহার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এছাড়া, রাষ্ট্রীয় নিরাপত্তা ও অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষার কাজেও এর ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

সরকারি, বেসরকারি, ব্যক্তিগত কাজে ড্রোনের ব্যবহার বৃদ্ধির পাশাপাশি, ব্যক্তিগত ও রাষ্ট্রীয় গোপনীয়তা/ নিরাপত্তা ভংগ এবং জনসাধারণ ও রাষ্ট্রীয় সম্পদের ক্ষতির মত অনৈতিক, বেআইনী ও সন্ত্রাসী কার্যকলাপে এ প্রযুক্তির অপব্যবহার রোধে বর্তমানে বাংলাদেশে এর আমদানী, ব্যবহার ও উড্ডয়ন অত্যন্ত সীমিত এবং কঠোরভাবে নিয়ন্ত্রিত। অপরদিকে মানব কল্যাণ, রাষ্ট্রীয় বহুবিধ উন্নয়ন/ নিরাপত্তার কাজে ব্যবহারের প্রয়োজনে আনম্যান্ড এরিয়াল ভেহিক্যাল/ আনম্যান্ড এয়ারক্র্যাফট সিস্টেম/ রিমোটলি পাইলটেড এয়ারক্র্যাফট সিস্টেম/ ড্রোনের নিবন্ধন ও উড্ডয়নের সুনিয়ন্ত্রিত অনুমোদন প্রদানের জন্য একটি সমন্বিত নীতিমালা প্রণয়ন করা জরুরি। আনম্যান্ড এরিয়াল ভেহিক্যাল/ আনম্যান্ড এয়ারক্র্যাফট সিস্টেম/ রিমোটলি পাইলটেড এয়ারক্র্যাফট সিস্টেম/ ড্রোন -এর **নিবন্ধন ও উড্ডয়ন সুনিয়ন্ত্রিত পদ্ধতিতে নিষ্পত্তির** লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের অনুসরণের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

১। **সংক্ষিপ্ত শিরোনাম:**

এ নীতিমালা "**ড্রোন (Drone) নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা-২০২০**" নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞা** :

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি অন্য কোন কিছু না থাকলে, এ নীতিমালায়-

(ক) "আনম্যান্ড এরিয়াল ভেহিক্যাল (UAV)" **অথবা** "রিমোটলি পাইলটেড এয়ারক্র্যাফট সিস্টেম (RPAS)" **অথবা** "আনম্যান্ড এয়ারক্র্যাফট সিস্টেম (UAS)" **অথবা** "ড্রোন" *(অতঃপর এ নীতিমালায়*

*সংক্ষিপ্তাকারে শুধুমাত্র "ড্রোন" নামে অভিহিত)* -বলতে একটি এয়ারক্র্যাফট এবং এটির উড্ডয়নের জন্যে এর সংগে সংযুক্ত উপাদানসমূহকে বোঝাবে -যার অভ্যন্তরে কোন পাইলটের উপস্থিতি ছাড়াই দূর থেকে পরিচালিত বা নিয়ন্ত্রিত হবে;

(খ) **"Remote Pilot"** অর্থ একজন ব্যক্তি, যিনি দূর থেকে ড্রোনের উড্ডয়ন নিয়ন্ত্রণ বা ম্যানিপুলেট (manipulate) করেন;

(গ) **"Remote Pilot Station"** অর্থ এমন একটি ষ্টেশন যেখান থেকে রিমোট পাইলট কর্তৃক ড্রোন উড্ডয়নের কন্ট্রোলসমূহ নিয়ন্ত্রণ ও ম্যানিপুলেট (manipulate) করা হয়;

(ঘ) **"First Person View (FPV)"** অর্থ একটি প্রক্রিয়া, যার মাধ্যমে ড্রোন উড্ডয়ন/ পরিচালনাকারী তার সম্মুখে স্থাপিত টিভি/ কম্পিউটার মনিটরে পাইলটের দৃষ্টিকোণ থেকে ড্রোনের চলমান গতিপথ ও এর আশেপাশের ছবি দেখতে পান;

(ঙ) **"Visual Line-of-sight (VLOS) operation"** অর্থ ড্রোন উড্ডয়ন করার সময় অপারেটর কর্তৃক উড্ডয়ন ও নিরাপদ দূরত্ব বজায় রাখা এবং সংঘর্ষ এড়ানোর জন্য সর্বক্ষণ এবং সরাসরি দৃষ্টিরেখা ও দৃষ্টিসীমার মধ্যে রাখা।

(চ) "Beyond Visual Line of Sight (BVLOS) Operation" অর্থ ড্রোন উড্ডয়ন করার সময় অপারেটর/ পরিচালনাকারীর কর্তৃক দৃষ্টিরেখা/ দৃষ্টিসীমার বাইরে রেখে First Person View (FPV) অথবা অন্যকোন পদ্ধতিতে ড্রোন উড্ডয়ন করানো;

(ছ) **"বেবিচক"** অর্থ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন-২০১৭ এর সজ্ঞায়িত বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

(জ) **"Air Navigation Order (ANO)" অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর অধীন এ্যারোনটিক্যাল ও নন-এ্যারোনটিক্যাল বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য বেবিচক কর্তৃক জারীকৃত আদেশ**;

**(ঝ)** **"অপারেটর" অর্থ** ড্রোন পরিচালনাকারী ব্যক্তি;

(ঞ) **"BTRC (বিটিআরসি)"** অর্থ Bangladesh Telecommunication Regulatory Commission;

**(ট)** **"এয়ারক্র্যাফট"** অর্থ কোন যন্ত্র যা বাতাসের প্রতিঘাত **(**ভূ-পৃষ্ঠের বিপরীতে নয়**)** দ্বারা বায়ুমন্ডলে ভর করে ভাসতে পারে**;** এবং

(ঠ) **"রাষ্ট্রীয়/সামরিক ড্রোন"** অর্থ বাংলাদেশ সরকারের শৃঙ্খলা বাহিনী ও সামরিক বাহিনী কর্তৃক ব্যবহৃত ড্রোন।

(ড) **"বেবিচক নির্ধারিত"** অর্থ বাংলঅদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত ANO, Circular, Instruction ইত্যাদির মাধ্যমে নির্ধারিত;

(ঢ) "Restricted Area" অর্থ রাষ্ট্রের ভূমি অথবা আঞ্চলিক জলসীমার উপরিভাগের কোন সুনির্দিষ্ট আকাশসীমা যার অভ্যন্তরে বিমান চলাচল নির্দিষ্ট কিছু শর্ত সাপেক্ষে সংরক্ষিত;

(ণ) "Danger Area" অর্থ সুনির্দিষ্ট কোন আকাশসীমা যার অভ্যন্তরে কোন নির্ধারিত সময়ের মধ্যে বিমানের উড্ডয়ন বিপদজনক;

(ত) "Prohibited Area" অর্থ রাষ্ট্রের ভূমি অথবা আঞ্চলিক জলসীমার উপরিভাগের কোন সুনির্দিষ্টে আকাশসীমা যার অভ্যন্তরে যেকোন বিমানের উড্ডয়ন নিষিদ্ধ;

(থ) "বিনোদন" অর্থ সম্পূর্ণভাবে আমোদ-প্রমোদ, যেমন: গ্রুপ বা পার্সোনাল ফটোগ্রাফী; শিশু-কিশোরদের জন্য খেলনা হিসাবে ব্যবহার/ প্রদর্শন; অপেশাদার হিসেবে পরিচালনা প্রশিক্ষণ; সৌখিনতা বশত: চিত্তবিনোদন; ইত্যাদি কারণে ড্রোন উড্ডয়ন করাকে বুঝাবে -যাতে জনসাধারণের জান-মাল ও গোপনীয়তা এবং রাষ্ট্রের সম্পদ বা গোপনীয়তা কোনভাবেই ক্ষতিগ্রস্থ না হয়।

৩। **নীতিমালার প্রয়োগযোগ্যতা :**

(ক) এ নীতিমালা বেসামরিক পর্যায়ে ড্রোন নিবন্ধন ও উড্ডয়নের অনুমোদন প্রদান এবং উড্ডয়ন/ পরিচালনার সংগে সংশ্লিষ্ট সকল সরকারি/ বেসরকারি ব্যক্তি, প্রতিষ্ঠান ইত্যাদির জন্য প্রযোজ্য হবে।

(খ) এ নীতিমালাটি বাংলাদেশে প্রচলিত জননিরাপত্তা, রাষ্ট্রীয় নিরাপত্তা, প্রতারণা কিংবা অন্যকোন প্রযোজ্য আইন, বিধি-বিধান ইত্যাদি হতে অব্যাহতি পাওয়া অথবা অন্য কোনো **অসুদ্দেশে** ব্যবহার করা যাবে না।

৪। **উড্ডয়নের অনুমতি প্রদানের সুবিধার্থে ব্যবহারের ভিত্তিতে ড্রোনকে ০৪টি শ্রেণীতে বিভক্ত করা হলো:**

**ক-শ্রেণী:** বিনোদনের জন্য ব্যবহার;

**খ-শ্রেণী:** শিক্ষা ও গবেষণার মত অ-বানিজ্যিক কাজে সরকারি/ বেসরকারি সংস্থা/ব্যক্তি কর্তৃক ব্যবহার;

**গ-শ্রেণী:** সার্ভে, স্থির চিত্র, চলচ্চিত্র নির্মাণ, উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ইত্যাদি বাণিজ্যিক ও পেশাদার কাজে ব্যবহার;

**ঘ-শ্রেণী:** রাষ্ট্রীয়/ সামরিক প্রয়োজনে ব্যবহার;

৫। ড্রোন অপারেশন জোন

বিমান ও জনসাধারণের সুরক্ষা, নিরাপত্তা ও গোপনীয়তার বিষয় বিবেচনায় নিয়ে ড্রোন অপারেশন জোনকে নিম্নোক্ত ০৩ ভাগে বিভক্ত করা হলো। CAAB Drone Apps –এ Geofencing –এর মাধ্যমে উক্ত জোনগুলো সুনির্দিষ্ট করা থাকবে।

(a) Green Zone (কোনপ্রকার অনুমতির প্রয়োজন হবে না):

(i) বিমানবন্দর/কেপিআই-এর ৩ কিলোমিটার বাহিরে এবং ৫০ ফুটের (১৫.২৪ মিটার) অধিক উচ্চতায় নয়;

(ii) বিমানবন্দর/কেপিআই-এর ৩-৫ কিলোমিটার বাহিরে এবং ১০০ ফুটের (৩০.৪৮ মিটার) ফুটের অধিক উচ্চতায় নয়.

(b) Yellow Zone (অনুমতি সাপেক্ষে পরিচালনা): Restricted Area, Military Area, Populated Area, Congested area.

(c) Red Zone (বিশেষ অনুমতি সাপেক্ষে পরিচালনা): Prohibited Area, Danger Area, Airport/KPI/ Special KPI.

**৬। ড্রোন আমদানী**

**ড্রোন আমদানীর ক্ষেত্রে আমদানীকারককে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন করতে হবেঃ**

(ক) সরকারের আমদানী নীতিমালা ও বাণিজ্য মন্ত্রণালয়ের নির্ধারিত পদ্ধতিতে ড্রোন আমদানী করতে হবে।

(খ) **ক, খ ও গ শ্রেণীর জন্য ৭ কেজির (পেলোডসহ) বেশী** ওজনের ড্রোনের ক্ষেত্রে, আমদানীর পূর্বেই, ড্রোনের বিস্তারিত স্পেসিফিকেশন ও সংখ্যা উল্লেখসহ **প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তি গ্রহণ** করতে হবে।

(গ) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র ইস্যুর ০৬ (ছয়) মাসের মধ্যে অনুমোদিত স্পেসিফিকেশন মোতাবেক ড্রোন/ ড্রোনসমূহ আমদানী করা যাবে এবং আমদানী পরবর্তী সময়ের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অন্যকোন নির্দেশনা থাকলে তা প্রতিপালন করতে হবে।

(ঘ) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তির কপি ও অনুমোদিত স্পেসিফিকেশনের কপিসহ কাস্টমস কর্তৃপক্ষের নির্ধারিত পদ্ধতিতে প্রযোজ্য শুল্ক পরিশোধ করে ৭ কেজির (পেলোডসহ) বেশী ওজনের ক, খ ও গ শ্রেণিভুক্ত ড্রোন আমদানী করা যাবে। এ সময় কাষ্টমস কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তির মূল কপি ও অনুমোদিত স্পেসিফিকেশনের মূল কপি প্রদর্শনে আমদানীকারী বাধ্য থাকবে।

**৭। ড্রোন নিবন্ধনকরণঃ**

(ক) 'খ' ও 'গ' শ্রেণির ড্রোন বেবিচক-এর **ANO –তে নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে আবেদন করে বেবিচক-এর নিকট হতে ড্রোনের নিবন্ধন/ পরিচিতি নম্বর** গ্রহণ করতে হবে।

(খ) 'ক' শ্রেণীর ড্রোন ১০০ ফুটের (৩০.৪৮ মিটার) বেশী উচ্চতায় উড্ডয়ন ক্ষমতাসম্পন্ন হলে অথবা ৭ কেজির (পেলোডসহ) বেশী ওজনের হলে উক্ত ড্রোনের নিবন্ধন বাধ্যতামূলক।

(গ) ড্রোন নিবন্ধনের জন্য কমপক্ষে নিম্নবর্ণিত কাগজপত্রাদি বেবিচক-এর নিকট দাখিল করতে হবেঃ

(১) ড্রোন ব্যাবহারের উদ্দেশ্য;
(২) স্পেসিফিকেশনের কপি;
(৩) ড্রোন ক্রয়ের রসিদ;
(৪) বিটিআরসি'র প্রত্যয়নপত্রের কপি (২.৪/ ৫.৮ গিগাহার্জ ব্যতীত অন্য ফ্রিকোয়েন্সীর ক্ষেত্রে);
(৫) আবেদনকারীর ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি;
(৬) মোবাইল ফোন নম্বর;
(৭) ড্রোন উড্ডয়নকালে সৃষ্ট যেকোন অযাচিত জরুরী পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনা;
(৮) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র (প্রযোজ্যক্ষেত্রে); এবং
(৯) বেবিচক-এর চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র/ তথ্যাদি।

(ঘ) প্রতিরক্ষা মন্ত্রণালয়, বিটিআরসি ও বেবিচক তাদের ওয়েবসাইটের মাধ্যমে 'অনাপত্তি'/ প্রত্যয়নপত্র গ্রহণ, নিবন্ধন ও উড্ডয়নের অনুমতি প্রাপ্তির পদ্ধতি সম্পর্কে জনসাধারণের অবগতির জন্য প্রচার করবে। (চ) যথোপযুক্ত সরকারি ও সরকারি নিরাপত্তা/ গোয়েন্দা সংস্থাসমূহের চাহিদা ব্যতীত নিবন্ধিত ড্রোনসমূহের কোন তথ্য বেবিচক কাউকে সরবরাহ করতে বাধ্য থাকবে না।

(ঙ) ড্রোন উড্ডয়নকালে সৃষ্ট যেকোন অযাচিত জরুরী পরিস্থিতি, যেমন: ড্রোনের ব্যাটারী/ উড্ডয়নের শক্তি ফুরিয়ে যাওয়া, ড্রোনটি নিয়ন্ত্রণসীমার বাইরে চলে যাওয়া, ড্রোনের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলা, অনিচ্ছাকৃত কারণ বশতঃ কোন প্রাণী বা সম্পত্তির জন্য হুমকী/ ক্ষতির সম্ভাবনা ইত্যাদি সৃষ্টি হলে তা মোকাবেলার জন্য লিখিত পরিকল্পনা থাকতে হবে।

(চ) 'ক' {৭ কেজির (পেলোডসহ) উর্ধ্বে}, 'খ' ও 'গ' শ্রেণির ড্রোনের ফ্রিকোয়েন্সী (২.৪/ ৫.৮ গিগাহার্জ ব্যতীত অন্য ফ্রিকোয়েন্সীর ক্ষেত্রে) অন্যকোন গুরুত্বপূর্ণ যোগাযোগ ব্যবস্থার (রেডিও, টেলিভিশন, মোবাইল, স্যাটেলাইট, এভিয়েশন ইত্যাদি) জন্য প্রতিবন্ধকতা সৃষ্টিকারী নয় মর্মে **বিটিআরসি'র** প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।

৮। **ড্রোন উড্ডয়নের সাধারণ শর্তাবলীঃ**

(ক) 'ক' শ্রেণীর অনুর্ধ ৭ কেজির (পেলোডসহ) এবং/অথবা ১০০ ফুটের (৩০.৪৮ মিটার) কম উচ্চতায় উড্ডয়ন সক্ষম ড্রোন বিনোদন হিসেবে Green Zone -এ অনুমতি ব্যতীত উড্ডয়ন করা যাবে। তবে, 'ক' শ্রেণীর ৭ কেজির (পেলোডসহ) উর্ধে এবং/অথবা ১০০ ফুটের (৩০.৪৮ মিটার) বেশী উচ্চতায় উড্ডয়ন সক্ষম ড্রোন Green Zone-এ উড্ডয়নের ক্ষেত্রে বেবিচক নির্ধারিত নিয়মাবলী অনুসরণ করে অনুমতি সাপেক্ষে উড্ডয়ন করা যাবে।

(খ) 'খ' ও 'গ' শ্রেণীর ড্রোন যেকোন Zone-এ বেবিচক নির্ধারিত নিয়মাবলী অনুসরণ করে অনুমতি সাপেক্ষে উড্ডয়ন করা যাবে।

(গ) যেকোন শ্রেণীর ড্রোন Yellow ও Red Zone-এ উড্ডয়নের ক্ষেত্রে বেবিচক নির্ধারিত নিয়মাবলী অনুসরণ করে উড্ডয়ন করতে হবে।

(ঘ) সকল শ্রেণীর ড্রোন উড্ডয়নের সাধারণ ও বিশেষ শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) বেবিচক কর্তৃক নির্ধারিত হবে;

(ঙ) বেবিচক-এর বিশেষ অনুমতি ব্যতীত, বেসামরিক ড্রোন রাতে (সূর্য অস্ত ও উদয়ের মধ্যবর্তী সময়ে) পরিচালনা করা যাবে না।

(চ) ড্রোন উড্ডয়ন/ পরিচালনার বিষয়টি সরকারি/ বেসরকারি সম্পত্তি, ব্যক্তি/ রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোপনীয়তার জন্য হুমকী কিংবা ক্ষতির কারণ হতে পারবে না।

(ছ) এ নীতিমালায় নির্ধারিত নির্দিষ্ট শ্রেণীর ড্রোন বেবিচক-এর নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক নিবন্ধিত হবে। এ লক্ষ্যে বেবিচক প্রতিটি ড্রোনের জন্য একটি নিবন্ধন নম্বর বা পরিচিতি নম্বর (Identification Number) প্রদান করবে এবং বেবিচক-এর ইলেকট্রনিক তথ্য ভান্ডারে তা সুরক্ষিত থাকবে।

(জ) নিবন্ধন নম্বর বা পরিচিতি নম্বর (Identification Number) নিবন্ধিত ড্রোনের গায়ে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে ও রংয়ে ড্রোন ব্যবহারকারী ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান নিজস্ব দায়িত্বে লিপিবদ্ধ করবে।

(ঝ) ড্রোন উড্ডয়নের ক্ষেত্রে অপারেটরের যোগ্যতা এবং অনুসরণীয় নির্দেশনাসমূহ বেবিচক কর্তৃক নির্ধারিত হবে।

(ঞ) যে কোন খোলা স্থানে যে কোন শ্রেণীর ড্রোন উড্ডয়নের পূর্বে অপারেটর উক্ত এলাকার ০৫ (পাঁচ) কিলোমিটারের মধ্যে কোন ভিভিআইপি মুভমেন্ট রয়েছে কিনা- এ বিষয়টি নিজ দায়িত্বে জেনে নিবেন এবং ভিভিআইপি মুভমেন্টের তারিখের ০৩ (তিন) ঘন্টা আগে থেকে ভিভিআইপি মুভমেন্ট সম্পূর্ণ শেষ না হওয়া পর্যন্ত সকল ধরণের ড্রোন উড্ডয়ন বন্ধ রাখবে। বিশেষ প্রয়োজনে এ বিষয়ে স্থানীয় পুলিশ প্রশাসন/এসএসএফ এর সংগে সমন্বয় করে ড্রোন উড্ডয়ন করা যেতে পারে।

(ট) যেকোন খোলা স্থানে সভা/ সমাবেশ ও জাতীয়/ আন্তর্জাতিক খেলা/ ইভেন্ট চলাকালীন উক্ত স্থানের ০৫ (পাঁচ) কিলোমিটারের মধ্যে, শুধুমাত্র উক্ত সভা/ সমাবেশ ও জাতীয়/ আন্তর্জাতিক খেলা/ইভেন্ট এর জন্য বেবিচক অনুমোদিত ড্রোন ব্যতীত, অন্য কোন শ্রেণির ড্রোন উড্ডয়ন করা যাবে না।

(ঠ) ড্রোন উড্ডয়নকালে বেবিচক কর্তৃক প্রদত্ত অনুমোদনের কপি এবং যে মোবাইল সীমের মাধ্যমে ড্রোনটি নিবন্ধন করা হয়েছে সেটি ড্রোন অপারেটর সার্বক্ষণিকভাবে নিজের সংগে রাখবেন এবং বেবিচক, অভ্যন্তরীণ আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য সরকারি নিরাপত্তা/ গোয়েন্দা সংস্থাকে প্রদর্শনে বাধ্য থাকবে।

(ড) বেবিচক কর্তৃক অনুমোদন প্রদান সত্ত্বেও রাষ্ট্রীয়, জননিরাপত্তা, ব্যক্তিগত বা রাষ্ট্রীয় গোপনীয়তা, উড্ডয়ন সুরক্ষা, যে কোন প্রকার সম্পত্তির নিরাপত্তা ও সিভিল এভিয়েশনের স্বার্থে এবং বেবিচক নির্ধারিত শর্তাদি লঙ্ঘিত হলে যেকোন অনুমোদন যেকোন সময় বাতিল করার ক্ষমতা বেবিচক সংরক্ষণ করবে।

(ঢ) অবকাঠামো, গাছপালা, ফসল, জনগণ ও যানবাহনের অবস্থান/ চলাচল এবং বিমান চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি বা এসবের জন্য কোন প্রকার হুমকীর সৃষ্টি হয় এমনভাবে উড্ডয়ন করা যাবেনা। জনসমাগমের স্থান, যানবাহন চলাচলের স্থান, বাজার/ বাণিজ্যিক এলাকা, আবাসিক এলাকা/ ভবন, অফিস-আদালত হতে সবসময় ৩০ (ত্রিশ) মিটারের বাহিরে উড্ডয়ন নিশ্চিত করতে হবে। বিশেষ ক্ষেত্রে সংশ্লিষ্ট থানা/ স্থানীয় সিভিল প্রশাসন ও বেবিচক-এর অনুমতি সাপেক্ষে এসব এলাকায় ড্রোন উড্ডয়ন করা যেতে পারে;

(ণ) বিমানবন্দর ব্যতীত যেকোন কেপিআই/ Special KPI-এর ০৩ (তিন) কিলোমিটারের মধ্যে ড্রোন পরিচালনার জন্য কেপিআই/ Special KPI সংক্রান্ত কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে। বিমানবন্দরের ০৫ কিলোমিটারের মধ্যে ড্রোন পরিচালনার জন্য বেবিচক ও বিমানবন্দর কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে;

(ত) ড্রোন অপারেশনের কারণে জনসাধারণের জানমাল ও রাষ্ট্রীয় সম্পদর যেকোন প্রকার ক্ষতির অথবা গোপনীয়তা ভংগের জন্য ড্রোন অপারেটর ও অপারেটরের নিয়োগকারী (প্রযোজ্য ক্ষেত্রে) দায়ী এবং দেশের প্রচলিত আইনে শাস্তিযোগ্য হবেন।

(খ) বাংলাদেশস্থ কোন বিদেশি মিশনে কর্মরত ব্যক্তি/ কূটনৈতিক কর্তৃক ড্রোন উড্ডয়নের ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে হবে।

## ৯। বেবিচক কর্তৃক ড্রোন উড্ডয়নের অনুমোদন প্রদান

৯.১ বিভিন্ন সংস্থা/ বিভাগের সংগে তথ্য বিনিময়/সমন্বয় :

নিম্নোক্ত বিভাগ/ সংস্থাসমূহের অনাপত্তি (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণপূর্বক বেবিচক কর্তৃক প্রতিটি আবেদনের বিপরীতে আলাদা আলাদাভাবে অনুমোদন প্রদান করার পর অনুমোদনের কপি সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হবে:

(১)আকাশ প্রতিরক্ষা পরিচালন কেন্দ্র;

(২) সামরিক গোয়েন্দা মহাপরিদপ্তর;

(৩) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা;

(৪) বিমান গোয়েন্দা পরিদপ্তর;

(৫) পুলিশ সদর দপ্তর/ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ;

(৬) বর্ডার গার্ড সদর দপ্তর (বর্ডারের ১৮.৬ কিলোমিটারের মধ্যে অপারেশন পরিচালিত হলে)।

৯.২ বেবিচক-এর অনুমোদনপত্রে বর্ণিত সময়ের মধ্যে উড্ডয়ন করা না হলে পুনরায় একই পদ্ধতিতে আবেদন ও অনুমোদন গ্রহণ/ প্রদান করতে হবে।

৯.৩ যেকোন প্রাণী বা সম্পত্তির গোপনীয়তা/ নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকলে এবং উড্ডয়নকারী এ নীতিমালা কিংবা বেবিচক নির্ধারিত শর্ত প্রতিপালনে সক্ষম না হলে ড্রোন উড্ডয়ন/ পরিচালনা তাৎক্ষণিকভাবে বন্ধ রাখতে হবে ও বেবিচক-কে অবগত করতে হবে।

৯.৪ সম্ভাব্য যেকোন জটিলতা এড়াতে ড্রোন অপারেটর ড্রোন উড্ডয়নের পূর্বে নিজ দায়িত্বে স্থানীয় পুলিশ বাহিনী ড্রোন উড্ডয়নের বিষয়টি লিখিতভাবে অবহিত রাখবে।

৯.৫ ড্রোন উড্ডয়ন অনুমোদন প্রদানের কার্যাদি সুষ্টুভাবে সম্পন্নের জন্য ৯.১ উপ-অনুচ্ছেদে বর্ণিত সংশ্লিষ্ট সংস্থা সমূহ নিজ সংস্থায় একটি ড্রোন উড্ডয়ন সমন্বয় সেল স্থাপন করবে। উক্ত সেলের দূরালাপনী ও ই-মেইল ঠিকানা স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েব-সাইটে উল্লেখের ব্যবস্থা রাখবে। উক্ত ড্রোন সেল স্ব-স্ব সংস্থা/ বাহিনীর পক্ষ থেকে ড্রোন পরিচালনা/উড্ডয়নের তথ্যাদি সমন্বয় করবে।

১০। 'ক' শ্রেণীর অনুর্ধ ৭ কেজির (পেলোডসহ) এবং/অথবা ১০০ ফুটের (৩০.৪৮ মিটার) কম উচ্চতায় উড্ডয়ন সক্ষম ড্রোন বিনোদন হিসেবে উড্ডয়ন ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে ড্রোন অপারেটরের **ব্যক্তিগত যোগ্যতা:**

(ক) বয়সসীমা সর্বনিম্ন ১৮ (আঠার) এবং শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস এস সি বা সমমানের পাশ হতে হবে।

(খ) বেবিচক নির্ধারিত অন্যান্য প্রশিক্ষণ/ যোগ্যতা/ লাইসেন্স থাকতে হবে এবং যে আকাশসীমায় ড্রোন উড্ডয়ন করবে সে আকশসীমা সম্পর্কে সুস্পষ্ট ধারণা ও হালনাগাদ তথ্যাদি (Aeronautical

Information) সম্পর্কে অবহিত থাকতে হবে। এসকল তথ্য বেবিচক-এর ওয়েবসাইটে প্রকাশিত Aeronautical Information Publication (AIP) of Bangladesh-এ পাওয়া যাবে।

(গ) আকাশে উড্ডয়নকারী এয়ারক্র্যাফট ও ড্রোনের মধ্যে সর্বনিম্ন নিরাপদ (আনুভুমিক/ পাশাপাশি ও উল্লম্ব) দূরত্ব সম্পর্কে বেবিচক প্রদত্ত নির্দেশনা সম্পর্কে ধারনা এবং জরুরী অবস্থায় করণীয় সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে

(ঘ) রিমোট পাইলট শারীরিকভাবে সম্পুর্ণরূপে সুস্থ্য অবস্থায় ড্রোন পরিচালনা করবেন। বেবিচক নির্ধারিত শর্ত/ নির্দেশনা অনুসরণ করতে হবে।

(ঙ) রিমোট পাইলট কোন ড্রাগস্ (যা শরীরের স্বাভাবিক কর্ম ক্ষমতাকে হ্রাস করে এমন) ব্যবহারের ৮ (আট) ঘন্টার মধ্যে কোন ড্রোন নিজে উড্ডয়ন/ পরিচালনা বা উড্ডয়ন কার্যক্রম তত্ত্বাবধান করবেন না।

১১। রিমোট পাইলটের সার্টিফিকেশন:

বেবিচক নির্ধারিত পদ্ধতিতে রিমোট পাইলট ড্রোন উড্ডয়নের সার্টিফিকেট/ প্রত্যয়ন গ্রহণ করবেন।

**১২। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(বেবিচক) কর্তৃক ANO, Circular, Instruction ইত্যাদি জারি:**

এই নীতিমালার কার্যক্রম বাস্তবায়নের জন্য এ নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণভাবে বেবিচক ANO, Circular, Instruction ইত্যাদি জারী করতে পারবেন।

**১৩। অননুমোদিতভাবে ড্রোন উড্ডয়নের শাস্তিঃ**

(ক) বেবিচক, পুলিশ ও অন্য যে কোন আইন প্রয়োগকারী সংস্থার নিকট কোন এলাকায় এ নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে, কিংবা বেবিচক-এর পূর্ব-অনুমতি ব্যতিরেকে ড্রোন উড্ডয়ন করা হচ্ছে মর্মে প্রতীয়মান হলে পুলিশ স্ব-উদ্যেগে অথবা পুলিশের সহযোগীতায় বেবিচক অথবা অন্য যে কোন আইন প্রয়োগকারী সংস্থা ড্রোন উড্ডয়ন বন্ধসহ উড্ডয়নকারী ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(খ) অননুমোদিতভাবে ড্রোন উড্ডয়নকারী অত্র নীতিমালা অথবা বেবিচক-এর শর্ত ভংগ করে উড্ডয়নের মাধ্যমে রাষ্ট্রীয় নিরাপত্তা/ গোপনীয়তা, জননিরাপত্তা, ব্যক্তিগত নিরাপত্তা/ গোপনীয়তা এবং বিমান চলাচলের নিরাপত্তা/ সুরক্ষা ভংগকারী অপারেটর/ নিয়োগকারী (প্রযোজ্য ক্ষেত্রে) দেশের প্রচলিত আইনে শাস্তিযোগ্য হবেন।

(গ) ড্রোন উড্ডয়নের কারণে জনসাধারণ ও প্রাণীর জীবন; জনসাধারণের সম্পত্তি ও গোপনীয়তা; এবং রাষ্ট্রীয় গোপনীয়তা ও সম্পত্তির ক্ষয়-ক্ষতির অভিযোগে দেশের প্রচলিত আইনে দায়ী ব্যক্তি/প্রতিষ্ঠান বিচারযোগ্য এবং দন্ডনীয় হবে এবং আর্থিক ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে।

**১৪। বিভিন্ন সংস্থা সমূহের প্রস্তুতিঃ**

এ নীতিমালা কার্যকরের উদ্দেশ্যে বেবিচক, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণায় ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/ প্রতিষ্ঠান/ সংস্থা স্ব স্ব অনুমোদন/ প্রত্যয়ন/ অনাপত্তি প্রদানের পদ্ধতি নীতিমালা জারীর ০৬(ছয়) মাসের মধ্যে প্রস্তুত করবে এবং ওয়েবসাইটে প্রকাশসহ নিজস্ব পন্থায় সর্বসাধারনের অবগতির জন্য প্রচার করার ব্যবস্থা করবে।

১৫। **বিবেচনামূলক ক্ষমতাঃ**

এই নীতিমালার পূর্বোক্ত অনুচ্ছেদসমূহে যা কিছুই থাকুক না কেন, বেসামরিক বিমান চলাচল, রাষ্ট্রীয় এবং জননিরাপত্তার স্বার্থে অথবা অন্য কোন কারণে সরকার যে কোন সময়ে যেকোন বেসামরিক ব্যক্তি/ প্রতিষ্ঠানের ড্রোন নিবন্ধন ও উড্ডয়নের অনুমোদন মঞ্জুর/ বাতিল/ প্রত্যাখ্যানের ক্ষমতা সংরক্ষণ করবে।

১৬। **রহিতকরণ ও হেফাজতঃ**

এ নীতিমালা কার্যকর হওয়ার তারিখ হতে ড্রোন সম্পর্কে ইতোপূর্বে জারীকৃত সার্কুলার রহিত হয়েছে বলে গণ্য হবে। এরুপ রহিতকরণ সত্ত্বেও এ নীতিমালা কার্যকর হবার পূর্ব পর্যন্ত বৈধভাবে আমদানিকৃত ড্রোন ও বেবিচক কর্তৃক প্রদত্ত ড্রোন উড্ডয়নের অনুমতি এ নীতিমালার আলোকে প্রদানকৃত মর্মে গণ্য হবে। তবে নীতিমালা কার্যকরের পর উড্ডয়নের উদ্দেশ্যে এ নীতিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রযোজ্য শ্রেণীর ড্রোনের ক্ষেত্রে বেবিচকের নিকট হতে নম্বর সংগ্রহ করতে হবে।